



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-১ শাখা  
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০১২.২০. ২৪০


তারিখঃ ০৭ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ।  
২১ মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ।

বিষয়: পৌরসভা এলাকায় করোনা ভাইরাসের সংক্রমন রোধে পৌরসভাসমূহের উদ্যোগে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

পৌরসভা এলাকায় করোনা ভাইরাসের সংক্রমন মোকাবেলায় পৌরসভাসমূহের উদ্যোগে নিম্নবর্ণিত নির্দেশনা জরুরি ভিত্তিতে প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল:

- পৌরসভা এলাকার সুবিধাজনক স্থানে জনগণের হাত ধোয়ার জন্য প্রয়োজনীয় লিকুইড/ হাতধোয়া সাবান এবং হাত জীবানুমুক্ত করার জন্য স্যানিটাইজারের ব্যবস্থা রাখতে হবে;
- “করোনা ভাইরাসের সংক্রমন প্রতিরোধে করণীয়” শীর্ষক প্রচারণা (মাইকিং ও লিফলেট) এবং মাস্ক বিতরণ করতে হবে;
- যেকোন প্রকার জনসমাগম রোধকল্পে পৌরসভাসমূহের কাউন্সিলরগণের নেতৃত্বে ওয়ার্ড ভিত্তিক তদারকি কার্যক্রম নিশ্চিত করতে হবে;
- পৌরসভা এলাকায় সম্প্রতি বিদেশ ফেরৎ কোন ব্যক্তিকে হোম কোয়ারেন্টাইনে থাকা এবং তার পরিবারের সদস্যবৃন্দকে জনসমুখে না আসার জন্য ওয়ার্ড ভিত্তিক কাউন্সিলরের নেতৃত্বে প্রচারণা চালিয়ে যেতে হবে;
- করোনা প্রতিরোধে এবং যেকোন প্রাদুর্ভাব মোকাবেলায় দ্রুততম সময়ে ব্যবস্থা গ্রহণের জন্য সকল পৌরসভায় কন্ট্রোল রুম স্থাপন করতে হবে;
- পৌরসভার আওতাধীন স্বাস্থ্যকেন্দ্রসমূহ জরুরি প্রয়োজনে প্রস্তুত রাখতে হবে;
- স্বাস্থ্য সেবা বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়-সহ সরকারের অন্যান্য মন্ত্রণালয়/ বিভাগ এবং অধীনস্ত দপ্তর/ সংস্থার সাথে সমন্বয় নিশ্চিত করতে হবে এবং সকল নির্দেশনা/ বিজ্ঞপ্তি যথাযথ অনুসরণ করতে হবে; এবং
- উদ্ভূত পরিস্থিতি মোকাবেলায় কোয়ারেন্টাইন সুবিধা প্রদানের মত উপযুক্ত স্থানের ব্যবস্থা রাখতে হবে।

২। বিষয়টি অতীব জরুরি।

  
২১.০৩.২০২০  
(মোহাম্মদ ফারুক হোসেন)  
উপসচিব  
৯৫১৪১৪২

মেয়র/প্রশাসক/প্যানেল মেয়র

-----সকল পৌরসভা

-----জেলা।

অনুলিপি:

- ০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক (সকল) জেলা।
- ০৩। উপসচিব, প্রশাসন-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। উপসচিব, পৌর-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। অফিস কপি।